সিভিল এভিয়েশন স্কুল এন্ড কলেজ

কুর্মিটোলা, ঢাকা-১২২৯

ফোন: ০১৮৪৬৯৯১৯০৫, ০১৭৬৯৯০৫৭৬২

E-mail: casckurmitola@gmail.com, www.casckurmitola.edu.bd

বিদ্যালয় কোড : ১৩৮৩
কলেজ কোড : ১৯১৩
থানা কোড : ১১৪
জেলা কোড : ১০
EIIN : ১০৮৫৪৩

সূত্র: সিএএসসি/কুর্মি/ ০০৮/০৬/২৬/৩২কথ্র

তারিখ: ২২/১১/২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

সিভিল এভিয়েশন স্কুল এন্ড কলেজ, কুর্মিটোলা, ঢাকা-১২২৯-এর নিম্নবর্ণিত শূন্য পদসমূহে নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অনলাইনে আবেদনের আহ্বান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম	বিষয়	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)	গ্রেড
১।	প্রভাষক (অস্থায়ী)	পদার্থবিজ্ঞান	০১	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি। অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদি ২য় শ্রেণি/ সমমানের স্নাতক (সম্মান) ডিগ্রি। বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনের অন্যান্য স্তরে ১টির বেশি ৩য় শ্রেণি/বিভাগ/ সমমান গ্রহণযোগ্য হবে না।	৯ম
২।	প্রভাষক (খন্ডকালীন)	ফিনান্স, ব্যাংকিং ও বিমা	০১	ঐ	সর্বসাকুল্য ২৫০০০/-
৩।	সহকারী শিক্ষক (বাংলা ভার্সন)-অস্থায়ী	বাংলা	০২	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সমূহে ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি/সমমান। বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনের অন্যান্য স্তরে ১টির বেশি ৩য় শ্রেণি/বিভাগ/ সমমান গ্রহণযোগ্য হবে না।	১১তম
		ইংরেজি	০২		
		গণিত	০১		
		সাধারণ বিজ্ঞান	০১		
		পদার্থবিজ্ঞান	০১		
		বাংলাদেশের ইতিহাস ও বিশ্ব সভ্যতা	০১		
		ভূগোল	০১		
		তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	০১		
		ইসলাম শিক্ষা	০১		
		ব্যবসায় শিক্ষা	০১		
		বাংলাদেশ ও বিশ্ব পরিচয়	০১		
		প্রস্থগারিক ও তথ্য বিজ্ঞান	০১		
৪।	সহকারী শিক্ষক (ইংরেজি ভার্সন)-অস্থায়ী	ইংরেজি	০১	ঐ	১১তম
		পদার্থবিজ্ঞান	০১		
		বাংলাদেশ ও বিশ্ব পরিচয়	০১		
৫।	সহকারী শিক্ষক প্রাক-প্রাথমিক (ইংরেজি ভার্সন) -অস্থায়ী	যেকোনো বিষয়	০২	ঐ	১১তম
মোট পদ			২১		

BDGOVTJOB.NET

আবেদনের শর্তাবলী:

১। **সুযোগ-সুবিধা:** চাকরিতে যোগদানের শুরু থেকেই প্রতিষ্ঠানের প্রচলিত বিধি ও নীতিমালা অনুযায়ী শিক্ষাভাতা, বাড়িভাড়া, চিকিৎসাভাতা, উৎসবভাতা, নগরভাতা ও অন্যান্য প্রাপ্য ভাতা প্রদান করা হবে।

২। **শিক্ষানবিশকাল ও চাকরি নিয়মিতকরণ:** শিক্ষানবিশকাল ০২ (দুই) বছর। শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে সম্পন্ন এবং মূল্যায়নে উত্তীর্ণ হওয়ার পর চাকরি নিয়মিতকরণ করা হবে। চাকরি নিয়মিতকরণের পর প্রচলিত বিধি অনুযায়ী কন্ট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড, অবসরকালীন গ্র্যাচুইটি সুবিধাসহ অন্যান্য প্রাপ্য সুযোগ-সুবিধা প্রদান করা হবে।

৩। **ডে-কেয়ার সুবিধা:** শিক্ষকদের সন্তানদের যত্ন ও দেখাশোনার জন্য প্রতিষ্ঠানের অর্থায়নে শীতাতপ নিয়ন্ত্রিত ডে-কেয়ার সেন্টার রয়েছে।

৪। আবেদনের সময়সীমা: ২৫ নভেম্বর ২০২৬ খ্রি. তারিখ থেকে ১০ ডিসেম্বর ২০২৬ খ্রি. তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে।

৫। **বয়সসীমা:** প্রভাষক ও সহকারী শিক্ষক পদে আবেদনকারীদের বয়স ০১ জানুয়ারি ২০২৭ খ্রি. তারিখে সর্বোচ্চ ৩৫ (পঁয়ত্রিশ) বছর হতে হবে। তবে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬। **আবেদনের নিয়মাবলি:** প্রার্থীকে অনলাইনে আবেদন করতে হবে। আবেদনসংক্রান্ত বিস্তারিত নিয়মাবলি প্রতিষ্ঠানের ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদনের ওয়েবসাইট: https://apply.casckjobs.org/ আবেদনের পূর্বে প্রার্থীকে সদ্য তোলা রঙিন ছবি, স্বাক্ষরের স্ক্যানকৃত কপি এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্য প্রস্তুত রাখতে হবে। আবেদন ফি বাবদ ১ নং পদের জন্য ৮০০/- (আটশত) টাকা, ২ নং পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা এবং ৩ থেকে ৫ নং পদের জন্য ৭০০/- (সাতশত) টাকা (বিকাশ চার্জসহ প্রযোজ্য চার্জ অতিরিক্ত) অনলাইনে পরিশোধ করতে হবে। প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন।

৭। **পরীক্ষা পদ্ধতি:** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রভাষক ও সহকারী শিক্ষক পদের প্রার্থীদের প্রদর্শনী ক্লাস, শ্রেণিকক্ষে পাঠদানের সক্ষমতা যাচাই এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

৮। **প্রবেশপত্র প্রাপ্তি ও যোগাযোগ:** https://apply.casckjobs.org/ ওয়েবসাইট থেকে ১৫ ডিসেম্বর ২০২৬ খ্রি. তারিখ রাত ৮:০০টার পর আবেদনকারীরা প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন। অনলাইনে আবেদনপত্রে প্রদত্ত মোবাইল নম্বরে পরীক্ষা-সংক্রান্ত যাবতীয় তথ্য ও নির্দেশনা জানানো হবে। এ কারণে উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখতে হবে এবং প্রাপ্ত এসএমএস ও নির্দেশনা অনুসরণ করতে হবে।

৯। **অন্যান্য শর্তাবলি:** পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো আবেদন বাতিল এবং নিয়োগ কার্যক্রমের যেকোনো শর্ত পরিবর্তন, সংশোধন বা নিয়োগ কার্যক্রম বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। কোনো ধরনের তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১০। **মানবন্টন:** প্রভাষক ও সহকারী শিক্ষক পদের লিখিত পরীক্ষা (বর্ণনামূলক), প্রদর্শনী ক্লাস, শ্রেণিকক্ষে পাঠদান সক্ষমতা এবং মৌখিক পরীক্ষার মানবন্টন নিম্নরূপ:

ক্রমিক নং	বিষয়সমূহ	নম্বর বন্টন
১.	পদ সংশ্লিষ্ট বিষয়	৪০
২.	বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান, সাধারণ গণিত	২০
৩.	লিখিত পরীক্ষার মোট নম্বর	৬০
৪.	প্রদর্শনী ক্লাস	২০
৫.	শ্রেণিকক্ষে পাঠদান সক্ষমতা যাচাই	১০
৬.	মৌখিক পরীক্ষা ও সনদপত্র	১০
	সর্বমোট নম্বর	১০০

আবেদন পোর্টালের QR Code

উইং কমান্ডার মো: আবদুল হান্নান, পিএসসি
অধ্যক্ষ